দৈনিক বাংলা

তারিখ 07 DEC 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ১ ...

১৫৭

### ছাত্র সংঘর্ষ ঃ বোমা ঃ অগ্নিসংযোগ

# বরিশাল মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকাল বন্ধ

নিজস্ব সংবাদদাতা ঃ বরিশাল, ৬ ডিসেম্বর।–আজ এখানে শেরেবাংলা মেডিক্যাল কলেজে ছাত্রদল ও ছাত্রলীগের (ম–ই) সংঘর্ষ, হোস্টেলে ভাংচুর ও অগ্নিসংযোগ ঘটায় কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করেছেন এবং বিকাল ৫টার মধ্যে ছাত্র–ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দিয়েছেন। ইতিমধ্যেই ছাত্র–ছাত্রীরা হল ত্যাগ করে অন্যত্র চলে গেছে।

ছাত্রলীগ (ম–ই) প্রকাশিত একটি দেয়াল পত্রিকায় প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাস ও প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সম্পর্কে বিরূপ মন্তব্য করায় ছাত্রলীগ ও ছাত্রদল সদস্যদের মধ্যে আজ বেলা ১১টায় প্রথমে কথা কাটাকাটি ও পরে ধাওয়া–পাল্টা ধাওয়া শুরু হয়। এক পর্যায়ে তা সংঘর্ষে পরিণত হয়। সংঘর্ষ বিকাল ৪টা পর্যন্ত দফায় দফায় চলে। সংঘর্ষ চলাকালীন সময়ে অর্ধ শতাধিক বোমার বিস্ফোরণ ঘটানো হয়। ১০ রাউন্ড গুলির শব্দও শুনতে পাওয়া যায়।

এক পর্যায়ে কলেজের ৩ নং ছাত্রাবাসের ৪টি রুমে পেট্রোল দিয়ে আগুন ধরিয়ে দেয়া হয় ও ৯টি কক্ষ ভাংচুর করা হয়। হামলায় ৩৫ জন ছাত্র আহত হয়েছে।

সংবাদ পেয়ে ঘটনাস্থলে পুলিশ আসে ও লাঠিচার্জ করে অবস্থা আয়ত্বে আনে। লাঠিচার্জে দৈনিক খবরের স্থানীয় সাংবাদিক শওকত মিলটন আহত হন ও ক্যামেরাটি ভঙ্গে যায়।

পুলিশ ক্যাম্পাস থেকে তিনজন ছাত্রদল ও ৭ জন ছাত্রলীগের সদস্যকে গ্রেফতার করেছে।

( ৮-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ )

( প্রথম পৃষ্ঠার পর )

## বরিশাল মেডিক্যাল কলেজ অনির্দিষ্টকাল বন্ধ

ছাত্রদলের ফারুক ফয়েজ, শাহ আলম ও শাহীনকে গুরুতর আহত অবস্থায় শেরেবাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

হামলার প্রতিবাদ করে ও অবিলম্বে মেডিক্যাল কলেজ খুলে দেবার দাবী জানিয়ে সরকারী বিএম কলেজের ছাত্র সংসদ সহ–সভাপতি ও সাধারণ সম্পাদক মেসবাহউদ্দিন জুয়েল ও বলরাম পোদ্দার এক যুক্ত বিবৃতি প্রদান করেছেন। কলেজ ক্যাম্পাসে পুলিশ মোতায়েন করা হয়েছে।। অবস্থা থমথমে।

SHEET ___ OF ___ SHEETS